

স্মারক নং- ৪৫.০৩.০০০০.০০২.০১.০০১.২০-২৩১

তারিখঃ ১২/১০/২০২১ খ্রিঃ

বিষয়ঃ ২০২০-২১ শিক্ষাবর্ষে নার্সিং ও মিডওয়াইফারি কোর্সে ভর্তি সংক্রান্ত নির্দেশনা।

সূত্রঃ রেজিস্ট্রার, বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিলের স্মারক নং ৮৬৫, তারিখঃ ০৭/১০/২০২১ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২০-২১ শিক্ষাবর্ষে সরকারি ও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহে ছাত্র-ছাত্রী ভর্তির জন্য ০১ অক্টোবর ২০২১ তারিখে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয় এবং ০৩/১০/২০২১ খ্রিঃ ফলাফল প্রকাশ করা হয়। উক্ত ফলাফলের ভিত্তিতে সরকারি নার্সিং কলেজ/ নার্সিং ও মিডওয়াইফারি কলেজ/ নার্সিং ইনস্টিটিউটসমূহে নিম্নবর্ণিত শর্ত/ নিয়মাবলী প্রতিপালন সাপেক্ষে ১১-২০ অক্টোবর ২০২১ খ্রিঃ প্রতি কর্মদিবসে সকাল ০৮.০০ ঘটিকা হতে বিকাল ০৪.০০ ঘটিকা পর্যন্ত ভর্তি কার্যক্রম সম্পাদনের জন্য সংশ্লিষ্ট নার্সিং ও মিডওয়াইফারি শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগণ-কে অনুরোধ করা হলো।

(ক) শর্ত ও নিয়মাবলী:

- ১। নির্বাচিত প্রার্থীকে সুস্বাস্থ্যের অধিকারি হতে হবে।
- ২। পুরুষ প্রার্থীগণ-কে নিজ দায়িত্বে আবাসনের ব্যবস্থা করতে হবে। আবাসন সংকুলান না হলে মহিলা প্রার্থীকেও নিজ দায়িত্বে আবাসনের ব্যবস্থা করতে হবে।
- ৩। উন্মুক্ত বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ কারিগরি শিক্ষাবোর্ড ও অন্যান্য কারিকুলাম হতে পাশকৃত নির্বাচিত প্রার্থীগণ এসএসসি বা সমমান ও এইচএসসি বা সমমান পরীক্ষার সনদসমূহ নিজ দায়িত্বে বোর্ড/ বিশ্ববিদ্যালয় হতে সঠিকতা যাচাই (ভেরিফাই) করে কোর্সে ভর্তি হবেন।
- ৪। কোর্সে অধ্যয়নকালীন অন্য কোন কোর্স বা প্রতিষ্ঠানে শিক্ষা গ্রহণ করা যাবে না।
- ৫। প্রার্থী কোন তথ্য গোপন করলে বা অসত্য তথ্য প্রদান করলে এবং তা প্রমানিত হলে ভর্তি বাতিল বলে গণ্য হবে তৎসহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ৬। কোর্সে যোগদানের জন্য কোন প্রকার টিএ/ ডিএ প্রদান করা হবে না।
- ৭। কোর্স শেষে সরকারি চাকরির নিশ্চয়তা প্রদান করা হবে না।

(খ) নির্বাচিত প্রার্থীকে ভর্তির সময় নিম্নলিখিত কাগজপত্র জমা দিতে হবে।

- ১। নির্বাচিত প্রার্থী-কে কোর্সে ভর্তি হবার পূর্বে স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক গঠিত মেডিকেল বোর্ড দ্বারা নিজ খরচে স্বাস্থ্য পরীক্ষা করে সুস্বাস্থ্যের প্রমানক জমা দিতে হবে।
 - ২। শিক্ষাবোর্ড হতে প্রাপ্ত এসএসসি বা সমমান ও এইচএসসি বা সমমান পরীক্ষার মূল/ সাময়িক সনদ পত্রের সত্যায়িত কপি এবং একাডেমিক ট্রান্সক্রিপ্ট/ প্রেডিসিট/ মার্কসিট এর মূল কপি জমা দিতে হবে।
 - ৩। সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩ কপি রঞ্জিন ছবি জমা দিতে হবে।
 - ৪। মুক্তিযোদ্ধা কোটায় (মুক্তিযোদ্ধার সন্তান/ সন্তানের সন্তানদের) সংরক্ষিত আসনের জন্য সংশ্লিষ্ট মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী/ প্রতিমন্ত্রী ও সচিব স্বাক্ষরিত সনদপত্র বা ১৯৯৭ থেকে ২০০১ সাল পর্যন্ত বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ কর্তৃক প্রদত্ত ও তৎকালীন মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রতি স্বাক্ষরিত সনদপত্রের সত্যায়িত কপি জমা দিতে হবে।
 - ৫। বর্ণিত কোর্সে আবেদনের ডাউনলোডকৃত রঞ্জিন ছবি সম্বলিত ভর্তি পরীক্ষার প্রবেশপত্র ও ফলাফলের কপি জমা দিতে হবে।
 - ৬। জেলা কোটা দাবির ক্ষেত্রে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ পৌরসভা মেয়র/ সিটি কর্পোরেশন কাউন্সিলর এর স্বাক্ষরিত নাগরিকত্ব সনদ ও অনলাইন জন্মনিবন্ধন সনদ জমা দিতে হবে।
- (গ) ভর্তি সংক্রান্ত শিক্ষা প্রতিষ্ঠানের জন্য নির্দেশনা এবং বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল কর্তৃক ১০/১০/২০২১ খ্রিঃ তারিখের ৮৭৩ সংখ্যক স্মারকে জারীকৃত ভর্তি সংক্রান্ত নির্দেশনা অনুসরণের জন্য নার্সিং ও মিডওয়াইফারি প্রতিষ্ঠান প্রধানগণ-কে অনুরোধ করা হলো।
- (ঘ) ভর্তিকৃত শিক্ষার্থীদের ক্লাস ০১ নভেম্বর ২০২১ তারিখ হতে শুরু হবে।

প্রাপক: ১। অধ্যক্ষ, নার্সিং কলেজ/ নার্সিং ইনস্টিটিউট,

২। অধ্যক্ষ/ ইনস্ট্রাক্টর ইনচার্জ, নার্সিং ও মিডওয়াইফারি কলেজ,

৩। ইনস্ট্রাক্টর ইনচার্জ, নার্সিং ইনস্টিটিউট,



সিদ্দিক আল্ভার

(অতিরিক্ত সচিব)

মহাপরিচালক

নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে

- ০১। সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ০২। অতিরিক্ত সচিব (চিঃশিঃ), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ০৩। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সিজিও ভবন, সেগুন বাগিচা, ঢাকা।
- ০৪। ডিন, মেডিকেল অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা/ মেডিকেল বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম/ রাজশাহী/ সিলেট।
- ০৫। রেজিস্ট্রার, বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল, ঢাকা।
- ০৬। উপপরিচালক, পিএমআইএস, এ অধিদপ্তর, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের জন্য)।